জনগণনা 2010 : দক্ষিণ এশীয়দের গণনা করা হয়!

1. 2010 জনগণনা কী?
ইউনাইটেড স্টেট্‌স এ বসবাসকারী সমস্ত মানুষের গণনা হল 2010 জনগণনা, এর মধ্যে নাগরিক, অভিবাসী এবং অভিবাসনের স্টেটাস (অবস্থা)-বিহীন ব্যক্তিরাও অন্তর্ভুক্ত। ইউ.এস. (U.S.) সেন্সাস ব্যুরো হল একটি রাষ্ট্রীয় সরকারী সংস্থা যারা প্রতি দশ বছর অন্তর জাতীয় জনগণনা সম্পন্ন করে।

2. জনগণনা কীভাবে করা হয়?
আমেরিকার প্রতিটি পরিবার মার্চ 2010 এ একটি জনগণনা ফর্ম পাবে। 1 লা এপ্রিল 2010 এর মধ্যে আপনার ফর্মটি পূরণ করুন এবং ফেরত পাঠান।



3. *আপনার* কেন জনগণনায় অংশ নেওয়া উচিত?
এর তিনটি কারণ আছে:
1. **জনগণনার মাধ্যমে সংগৃহীত তথ্য আপনার প্রাত্যহিক জীবন ও পারিপার্শ্বিক অঞ্চলকে প্রভাবিত করে।** জনগণনার তথ্য নির্ধারণ করে যে সরকার সম্প্রদায়ের কোথায় রাস্তা, স্কুল ও হাসপাতাল নির্মাণ করবে।
2. **জনগণনার মাধ্যমে সংগৃহীত তথ্য রাজনৈতিক শক্তিকে প্রভাবিত করে।** এটা নির্ধারণ করে যে আপনার জেলা থেকে কংগ্রেসে কতজন প্রতিনিধি থাকবেন।
3. **জনগণনার মাধ্যমে সংগৃহীত তথ্য দক্ষিণ এশীয়দের প্রভাবিত করে।** আপনি কি জানেন যে কোন রাজ্যগুলিতে সবচেয়ে বেশি দক্ষিণ এশীয় মানুষ বাস করেন? অথবা দেশে কতজন দক্ষিণ এশীয় মানুষ আছেন? জনগণনা এই তথ্য প্রদান করবে।

4. জনগণনা 2010 এর ফর্মে কী জানতে চাওয়া হয়?
ফর্মটি মাত্র দশটি প্রশ্ন জিজ্ঞাসা করে। প্রশ্নগুলি নিম্নলিখিত বিষয়ে করা হয়:
- আপনার পরিবারে কতজন মানুষ বাস করেন
- আপনি কি ভাড়ার বাড়িতে থাকেন নাকি নিজের বাড়িতে থাকেন
- আপনার লিঙ্গ
- আপনার জাতি
- আপনার বয়স
- আপনার টেলিফোন নম্বর

5. সেন্সাস ব্যুরো কি অন্যান্য সরকারী সংস্থার সাথে আমার বিষয়ক তথ্যাবলী আদানপ্রদান করবে?
সেন্সাস ব্যুরো জানিয়েছে যে জনগণনার ফর্ম থেকে সংগৃহীত তথ্য গোপনীয় থাকবে এবং অন্য কোনো সরকারী সংস্থাকে জানানো হবে না।

6. আমি কি জনগণনার ফর্ম পূরণ করার ব্যাপারে সাহায্য পেতে পারি?
হ্যাঁ! অবশ্যই পেতে পারেন:
- সাহায্য পাওয়ার জন্য ফেব্রুয়ারী 2010 এবং এপ্রিল 2010 এর ভিতরে একটি স্থানীয় *কোয়েশ্চেনেয়ার অ্যাসিস্ট্যান্স সেন্টার* (প্রশ্নমালা সহায়তা কেন্দ্র) (QAC) এ যান অথবা আপনার সম্প্রদায়ের *বি কাউন্টেড* সাইট দেখুন। আপনার সেন্সাস রিজিওনাল অফিস (জনগণনার আঞ্চলিক কার্যালয়) এর সাথে যোগাযোগ ক'রে আপনার নিকটবর্তী অবস্থান জানা যেতে পারে (http://bit.ly/92byLF এ একটি তালিকা পাওয়া যেতে পারে)।
- একটি *ভাষা সহায়তা নির্দেশিকা* ব্যবহার করুন, যা ফর্মের প্রশ্নগুলিকে অনুবাদ করে। বাংলা, গুজরাটি, হিন্দী, মালয়ালম, নেপালী, পাঞ্জাবী, তামিল, তেলুগু ও উর্দু সমেত বিভিন্ন দক্ষিণ এশীয় ভাষায় নির্দেশিকা প্রকাশ করা হয় (http://bit.ly/dIln1 এ এগুলি খুঁজে পেতে পারেন)।
- 1.866.872.6868 নম্বরে সেন্সাস ব্যুরোয় যোগাযোগ করুন।

7. আমি যদি 1 লা এপ্রিল 2010 এর মধ্যে জনগণনার ফর্ম ফেরত না পাঠাই তাহলে কী হবে?
মে 2010 এবং জুলাই 2010 এর ভিতরে জনগণনার কর্মচারীরা ফর্মে জিজ্ঞাসিত তথ্য সংগ্রহের জন্য সেই সমস্ত পরিবারের সাথে দেখা করবেন যারা জনগণনায় সাড়া দেন নি। এছাড়া জনগণনার কর্মচারীরা যদি আপনার ফর্মের কোনো ব্যাপারে প্রশ্ন জিজ্ঞাসা করতে চান তাহলেও তারা আপনার বাড়িতে আসবেন। জনগণনার কর্মচারীদের দ্বারা সংগৃহীত তথ্য অন্য কোনো সরকারী সংস্থার সাথে ভাগ করা হবে না।

এই তথ্যপত্রটি একটি রাষ্ট্রীয় অ-লাভজনক সংস্থা সাউথ এশিয়ান আমেরিকান্স লীডিং টুগেদার কর্তৃক প্রস্তুত করা হয়েছে। জনগণনা 2010-এর ব্যাপারে আরো তথ্যের জন্য, আমাদের অনূদিত তথ্যপত্র পাওয়ার জন্য এবং সহায়তা পাওয়ার জন্য অনুগ্রহ করে 301.270.1855-এ আমাদের সাথে যোগাযোগ করুন বা SAALT@SAALT.ORG-এ ইমেল করুন।

জনগণনা 2010 : এবং জাতি সংক্রান্ত প্রশ্ন

1. জনগণনার ফর্মে জাতি সংক্রান্ত প্রশ্নটি কেমন দেখায়?

জনগণনার ফর্মে জাতি সংক্রান্ত প্রশ্নটি এই রকম দেখতে লাগে:



৯. ব্যক্তি ৭ কোন্ জাতিভুক্ত? *একটি বা একাধিক বক্সে* ☒ *চিহ্ন দিন।*

- ☐ শ্বেতাঙ্গ,
- ☐ কৃষ্ণাঙ্গ, আফ্রিকান আমেরিকান, বা নিগ্রো
- ☐ আমেরিকান ইন্ডিয়ান বা আলাস্কার অধিবাসী — *নথিভুক্ত বা প্রধান উপজাতির নাম লিখুন।*
- ☐ এশিয়ান ইন্ডিয়ান
- ☐ জাপানি
- ☐ হাওয়াইয়ের অধিবাসী
- ☐ চীনে
- ☐ কোরিয়ান
- ☐ গুয়ামানিয়ান বা ক্যামরো
- ☐ ফিলিপিনো
- ☐ ভিয়েতনামী
- ☐ সামোয়ান
- ☐ অন্য এশিয়ান — *জাতির উল্লেখ করুন, যেমন হমং, লাওবাসী, থাই, পাকিস্তানি, কাম্বোডিয়ান ইত্যাদি।*
- ☐ অন্য প্যাসিফিক আয়লান্ডবাসী — *জাতির উল্লেখ করুন, যেমন ফিজি, টংগা ইত্যাদি জাতিভুক্ত।*
- ☐ অন্য কোনো জাতি — *জাতি লিখুন*

2. জাতি সংক্রান্ত প্রশ্নের উত্তর দেওয়া কেন গুরুত্বপূর্ণ?

জাতি সংক্রান্ত প্রশ্ন বর্তমানে আমেরিকায় বসবাসকারী বৈচিত্র্যপূর্ণ সম্প্রদায়গুলির সম্বন্ধে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করে। জাতি সংক্রান্ত প্রশ্নের উত্তর দেওয়ার সময়ে সেই উত্তরটি বেছে নিন, যা আপনার পরিচয়কে সেরাভাবে বর্ণনা করে।

3. জনগণনায় দক্ষিণ এশীয়দের কীভাবে শ্রেণীভুক্ত করা হয়েছে?

সাধারণত এশীয় জাতি শ্রেণীর একটি অংশ হিসেবে দক্ষিণ এশীয়দের গোষ্ঠীভুক্ত করা হয়। জাতি সংক্রান্ত প্রশ্নে বিভিন্ন এশীয় গোষ্ঠীকে তালিকাভুক্ত করা হয়, যার মধ্যে এশীয় ভারতীয় অন্যতম। আপনি যদি আপনার গোষ্ঠীকে তালিকায় খুঁজে না পান (উদাঃ: পাকিস্তানী, বাংলাদেশী, শ্রীলঙ্কান, নেপালী) তাহলে আপনি ''অন্যান্য এশীয়'' বক্সকে চিহ্নিত করতে পারেন এবং আপনি যে গোষ্ঠীর অন্তর্ভুক্ত তার নাম লিখতে পারেন। জনগণনায় সমস্ত এশীয় ব্যক্তির একটি জনসংখ্যা প্রদান করা হবে এবং নির্দিষ্ট বিশেষ কয়েকটি এশীয় গোষ্ঠীর জন্য বিস্তারিত তথ্য দেওয়া হবে।

4. আমি যদি নিজেকে ভারতীয়, পাকিস্তানী, বাংলাদেশী, শ্রী লঙ্কান বা নেপালী হিসেবে পরিগণিত করতে চাই তাহলে আমার কীভাবে জাতি সংক্রান্ত প্রশ্নের উত্তর দেওয়া উচিত?

- ভারতীয় হিসেবে বিবেচিত হতে গেলে → ''এশীয় ভারতীয়'' বক্সে চিহ্ন দিন
- পাকিস্তানী হিসেবে বিবেচিত হতে গেলে → ''অন্যান্য এশীয়'' বক্সে চিহ্ন দিন এবং ''পাকিস্তানী'' লিখুন
- বাংলাদেশী হিসেবে বিবেচিত হতে গেলে → ''অন্যান্য এশীয়'' বক্সে চিহ্ন দিন এবং ''বাংলাদেশী'' লিখুন
- শ্রী লঙ্কান হিসেবে বিবেচিত হতে গেলে → ''অন্যান্য এশীয়'' বক্সে চিহ্ন দিন এবং ''শ্রী লঙ্কান'' লিখুন
- নেপালী হিসেবে বিবেচিত হতে গেলে → ''অন্যান্য এশীয়'' বক্সে চিহ্ন দিন এবং ''নেপালী'' লিখুন

টীকা: আপনি যদি ''এশীয় ভারতীয়'' বক্সে চিহ্ন দেন এবং ''অন্যান্য এশীয়'' বক্সের নীচে একটি উত্তর লেখেন, তাহলে আপনার জাতিকে কেবলমাত্র ''অন্যান্য এশীয়'' হিসেবে কোড করা হবে।

5. আমি যদি নিজেকে ইন্দো-ক্যারিবিয়ান, ইন্দো-ত্রিনিদাদিয়ান বা ইন্দো-গায়ানিজ হিসেবে হিসেবে পরিগণিত করতে চাই তাহলে আমার কীভাবে জাতি সংক্রান্ত প্রশ্নের উত্তর দেওয়া উচিত?

জনগণনায় এই সমস্ত গোষ্ঠীকে আলাদাভাবে রিপোর্ট করা হয় না।

- আপনি যদি ''অন্যান্য এশীয়'' বক্সে চিহ্ন দিন এবং ''ইন্দো-গায়ানিজ'' লেখেন তাহলে আপনার উত্তরকে এশীয় ভারতীয় হিসেবে গণনা করা হবে।
- আপনি যদি ''অন্যান্য এশীয়'' বক্সে চিহ্ন দিন এবং ''ইন্দো-ক্যারিবিয়ান'' লেখেন তাহলে আপনার উত্তরকে এশীয় ভারতীয় এবং কৃষ্ণাঙ্গ/আফ্রিকান আমেরিকান উভয় হিসেবেই গণনা করা হবে।
- আপনি যদি ''অন্যান্য এশীয়'' বক্সে চিহ্ন দিন এবং ''ক্যারিবিয়ান'' বা ''ত্রিনিদাদিয়ান'' লেখেন তাহলে আপনার উত্তরকে কৃষ্ণাঙ্গ/আফ্রিকান আমেরিকান গণনা করা হবে।
- আপনি যদি ''অন্যান্য এশীয়'' বক্সে চিহ্ন দিন এবং ''গায়ানিজ'' লেখেন তাহলে আপনার উত্তরকে অন্যান্য কোনো জাতি হিসেবে গণনা করা হবে।

6. আমি দ্বিজাতীয় বা বহুজাতীয়। আমার কী করা উচিত?

আপনি একাধিক জাতিগত শ্রেণী বেছে নিতে পারেন।

7. আমি আমার জাতির পরিবর্তে ধর্মকে উল্লেখ করতে চাই। আমার কী করা উচিত?

জনগণনায় ধর্ম সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হয় না। আপনি যদি ''শিখ'' বা ''হিন্দু'' লেখেন, তাহলে সেন্সাস ব্যুরো আপনাকে ''এশীয় ভারতীয়'' হিসেবে বিবেচনা করবে। আপনি যদি ''মুসলিম'' লেখেন তাহলে সেন্সাস ব্যুরো আপনাকে কোনো বিশেষ একটি জাতির সাথে কোড করতেও পারে আবার নাও করতে পারে।

RiniArt.org -এর সৌজন্যে

এই তথ্যপত্রটি একটি রাষ্ট্রীয় অ-লাভজনক সংস্থা সাউথ এশিয়ান আমেরিকান্স লীডিং টুগেদার কর্তৃক প্রস্তুত করা হয়েছে। জনগণনা 2010-এর ব্যাপারে আরো তথ্যের জন্য, আমাদের অনূদিত তথ্যপত্র পাওয়ার জন্য এবং সহায়তা পাওয়ার জন্য অনুগ্রহ করে 301.270.1855-এ আমাদের সাথে যোগাযোগ করুন বা SAALT@SAALT.ORG-এ ইমেল করুন।